



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা

Web site : www.akcc.gov.bd



তারিখ : ১৪/০৬/২০২১ খ্রি.

## বিজ্ঞপ্তি

আযম খান সরকারি কমার্স কলেজের একাদশ শ্রেণির সকল শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থীদের পুনর্বিদ্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে পুরোপুরি সম্পৃক্তকরণ ও ধারবাহিক মূল্যায়নের আওতায় আনয়নের জন্য বিষয়ভিত্তিক মূল্যায়ন রুব্রিক্সসহ অ্যাসাইনমেন্ট কার্যক্রম ১৪ জুন, ২০২১ খ্রি. সোমবার থেকে শুরু হয়েছে। এ প্রেক্ষিতে, কলেজের অফিস থেকে প্রথম সপ্তাহের অ্যাসাইনমেন্ট সংগ্রহ করে আগামী ২০/০৬/২০২১ খ্রি. রবিবার সংশ্লিষ্ট বিভাগে জমা দেওয়ার জন্য শিক্ষার্থীদের নির্দেশ প্রদান করা হলো। অ্যাসাইনমেন্ট জমা দেওয়ার সময় ও স্থান পরবর্তীতে নোটিশের মাধ্যমে শিক্ষার্থীদের জানানো হবে।

### অ্যাসাইনমেন্ট সংগ্রহ ও জমা প্রদানের ক্ষেত্রে লক্ষণীয় :


- ১। শিক্ষার্থী নিজে বা শিক্ষার্থীর অভিভাবক বা শিক্ষার্থী তার কোন প্রতিনিধির মাধ্যমে অ্যাসাইনমেন্ট সংগ্রহ বা জমা দিতে পারবে।
- ২। শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট সাদা কাগজে স্বহস্তে লিখে জমা দিতে হবে। অ্যাসাইনমেন্টের ১ম পৃষ্ঠার শিক্ষার্থীর নাম, শ্রেণি, আইডি, বিষয় এবং অ্যাসাইনমেন্ট এর শিরোনাম স্পষ্টভাবে লিখতে হবে।
- ৩। মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষার্থীদের নিজস্বতা, স্বকীয়তা ও সৃজনশীলতা যাচাই করা হবে। তাই নোট, গাইড বা অন্যের লেখা দেখে অ্যাসাইনমেন্ট জমা দিলে তা বাতিল হয়ে যাবে এবং পুনরায় অ্যাসাইনমেন্ট প্রণয়ন করে জমা দিতে হবে।
- ৪। অ্যাসাইনমেন্টের সাথে সংযুক্ত রুব্রিক্স অনুযায়ী অ্যাসাইনমেন্ট মূল্যায়ন করা হবে। শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্টের সাথে সংযুক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশ দেওয়া হলো।
- ৫। কোন শিক্ষার্থী কলেজ থেকে দূরবর্তী অঞ্চলে অবস্থান করলে কলেজের ওয়েবসাইট/মাউশির ওয়েবসাইট/কলেজের নির্ধারিত ফেসবুক পেজ থেকে প্রতি সপ্তাহের অ্যাসাইনমেন্ট ডাউনলোড করে তা প্রণয়ন করার পর ডাকযোগে কলেজে প্রেরণ করতে পারবে।

অ্যাসাইনমেন্ট সংক্রান্ত যে কোন তথ্য বা জিজ্ঞাসার জন্য নিম্নোক্ত শিক্ষকগণের সাথে যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া হলোঃ

ক্রমিক নং	নাম	পদবী	বিভাগ	মোবাইল নং
১	জনাব দেবজ্যোতি কুন্ডু	সহকারী অধ্যাপক	ইংরেজি	01712311617
২	জনাব শামীমুজ্জামান সবুজ	সহকারী অধ্যাপক	হিসাববিজ্ঞান	01719307548
৩	জনাব শারমিন সুলতানা	প্রভাষক	ব্যবস্থাপনা	01729487466
৪	জনাব তন্ময় খান	প্রভাষক	বাংলা	01911539070

এ বিষয়ে উল্লেখ্য যে, মাউশি কর্তৃক প্রণীত সপ্তাহভিত্তিক অ্যাসাইনমেন্ট নিয়মিতভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক শিক্ষকদের অনুরোধ জানানো যাচ্ছে। একইসাথে সম্মানিত বিভাগীয় প্রধানগণ এই কার্যক্রম নিয়মিতভাবে তদারকী করার জন্য অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ অ্যাসাইনমেন্ট সংগ্রহ ও জমা দেওয়ার সময় স্বাস্থ্য বিধি মেনে মাস্ক পরিধান করে কলেজে আসতে হবে।

  
১৪/৬/২০২১

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

আযম খান সরকারি কমার্স কলেজ

খুলনা।